

## দশম শ্রেণীর পর এসএসসি থাকছে না মাধ্যমিক শিক্ষা স্তর হবে দ্বাদশ শ্রেণী পর্যন্ত

জাতীয় শিক্ষা নীতির খসড়ায় সুপারিশ  
স্টাফ রিপোর্টার

মাধ্যমিক শিক্ষা স্তর হবে নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত। মাধ্যমিক পরীক্ষা হবে দ্বাদশ শ্রেণী শেষে। আর দশম শ্রেণীর পর এসএসসি পরীক্ষা হবে না, হবে কৃষ্টি পরীক্ষা। জাতীয় শিক্ষানীতি-২০০৯-এর খসড়ায় এ সুপারিশ করা হয়েছে। বর্তমানে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত মাধ্যমিক স্তর হলেও এর মধ্যে তিনটি ভাগ রয়েছে। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত নিম্ন মাধ্যমিক, নবম থেকে দশম শ্রেণী পর্যন্ত মাধ্যমিক এবং একাদশ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত উচ্চ মাধ্যমিক স্তর। অন্যদিকে খসড়া প্রতিবেদনে বলা হয়েছে, নতুন শিক্ষা কাঠামোয় প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত হবে প্রাথমিক স্তর এবং নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত মাধ্যমিক শিক্ষা স্তর হিসেবে বিবেচিত হবে। গত ৮ এপ্রিল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আনুষ্ঠানিকভাবে জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীর নেতৃত্বে শিক্ষানীতি প্রণয়ন কমিটি ঘোষণা করেন। বেশ কয়েকটি সভা করে কমিটি এ খসড়া প্রতিবেদন তৈরি করেছে।